যুগান্তর

তারিখ ... SEP 16 2006 ...
পৃষ্ঠা ১ কলাম ২

# বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা শুরু

যুগান্তর রিপোর্ট

দ্বিতীয়বারের মতো বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা শুক্রবার শুরু হয়েছে। আজ এবং আগামী ২২ ও ২৩ সেপ্টেম্বর বাকি পরীক্ষাগুলো অনুষ্ঠিত হবে। এ পরীক্ষায় উত্তীর্ণরা বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক হিসেবে নিয়োগের

শুরু : পৃষ্ঠা ১৯ : কলাম ৪

## শুরু : নিবন্ধন পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

আবেদন করতে পারবেন।

জানা যায়, শুক্রবার প্রভাষক পদের আবশ্যিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ একই পদের ঐচ্ছিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতকালের পরীক্ষায় ১ লাখ ৩১ হাজার ৭৫৯ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন বলে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসি) সচিব মশিউর রহমান যুগান্তরকে জানান। তিনি জানান, শান্তিপূর্ণভাবেই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

দেশের ৬টি বিভাগীয় শহরের ৭৬টি কেন্দ্রে একযোগে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আগামী ২২ ও ২৩ সেপ্টেম্বর সহকারী শিক্ষক, সহকারী ইনস্ট্রাক্টর এবং মাদ্রাসার সহকারী মৌলভী পদের প্রার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষায় ৪০ নম্বর প্রাপ্তরা প্রার্থীরা উত্তীর্ণ হবেন। তারাই শিক্ষক হিসেবে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করতে পারবেন। একবার নিবন্ধন সনদ পেলে পরবর্তী পাঁচ বছর তা কাজে লাগানো যাবে। এরপর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চাকরি করতে চাইলে পুনরায় নিবন্ধন পরীক্ষায় পাস করে আসতে হবে।

পরীক্ষার প্রথম দিন শুক্রবার শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল কেন্দ্র পরিদর্শন করেন। তিনি সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

এর আগে গত বছরের ২৫ ও ২৬ নভেম্বর প্রথমবারের মতো দেশে নতুন পদ্ধতিতে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এতে ৭৬ হাজার প্রার্থী